মাননীয়া মুখ্যমন্ত্রী

# মমতা বন্দ্যোপাধ্যায়ের

উদ্যোগে

## উজ্জ্বল ভবিষ্যতের জন্য শিক্ষাক্ষেত্রে চালু হয়েছে 'স্টুডেন্ট ক্রেডিট কার্ড' প্রকল্প



**সচেতনতা শিবির**

### প্রকল্পের সুযোগ সুবিধাগুলি:

- সর্বোচ্চ ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত শিক্ষাঋণ, বার্ষিক ন্যূনতম সরল সুদে।
- পশ্চিমবঙ্গবাসী শিক্ষার্থী, যারা দেশের ও বিদেশের যে কোনও স্বীকৃত বিদ্যালয় / মাদ্রাসায় দশম শ্রেণি থেকে উচ্চমাধ্যমিক পর্যন্ত পাঠরত বা কলেজ / বিশ্ববিদ্যালয় / উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে স্নাতক / স্নাতকোত্তর / পেশাগত / ডক্টরাল ও পোস্ট ডক্টরাল কোর্স বা ডিপ্লোমা কোর্সে পড়াশোনা করছে, তারা শিক্ষাঋণ পাবে।
- প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশিক্ষণের জন্য বিভিন্ন কোচিং ইনস্টিটিউট যেখানে আইএএস, আইপিএস, ডব্লিউবিসিএস বা অন্যান্য প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতি চলে, সেখানে পড়াশোনা করলেও এই শিক্ষাঋণ পাওয়া যাবে।
- কোর্স ফি, হোস্টেল ফি-সহ অন্যান্য খরচ এই ঋণের মাধ্যমে প্রদান করা যাবে।
- আবেদনের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর।

### প্রকল্পের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য:

- রাজ্য কো-অপারেটিভ ব্যাঙ্ক অনুমোদিত সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক বা ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক এবং রাজ্যের রাষ্ট্রায়ত্ত বা বেসরকারি ব্যাঙ্ক থেকে স্টুডেন্ট ক্রেডিট কার্ড এবং ঋণ পাওয়া যাবে।
- একজন শিক্ষার্থী কোর্স চলাকালীন যে কোনও সময় এই ঋণের জন্য আবেদন করতে পারবে।
- এই ঋণ পরিশোধ করার জন্য দীর্ঘ ১৫ বছর সময় পাওয়া যাবে।

উচ্চশিক্ষা দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার




## কীভাবে আবেদন করতে হবে

এই প্রকল্পে সুবিধা পেতে হলে **www.wb.gov.in** বা **https://banglaruchchashiksha.wb.gov.in**-এর **STUDENT CREDIT CARD** ট্যাবে ক্লিক করতে হবে অথবা **https://wbscc.wb.gov.in** পোর্টালে ঢুকে অনলাইনে আবেদন করতে হবে।

**আবেদনকারীকে সহ–ঋণগ্রহীতাকে সঙ্গে নিয়ে ক্যাম্পে আসার জন্য অনুরোধ করা হচ্ছে।**

### আবেদন করার সময় কী কী নথি/ তথ্য প্রয়োজন:

- আবেদনকারীর রঙিন ছবি
- সহ–আবেদনকারী /সহ–ঋণগ্রহীতার (মা /বাবা /আইনি অভিভাবক) রঙিন ছবি
- আবেদনকারীর মোবাইল ফোন নম্বর ও ইমেল আইডি
- আবেদনকারীর স্বাক্ষর
- সহ–আবেদনকারী /সহ–ঋণগ্রহীতার (মা /বাবা /আইনি অভিভাবক) স্বাক্ষর
- আবেদনকারীর আধার কার্ডের জেরক্স কপি / মাধ্যমিকের রেজিস্ট্রেশন নথির জেরক্স কপি
- অভিভাবকের ঠিকানার প্রমাণপত্রের জেরক্স কপি ও মোবাইল ফোন নম্বর
- শিক্ষা প্রতিষ্ঠানের কোর্স ফি সম্বলিত নথির জেরক্স কপি
- শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির প্রমাণপত্র / নথির জেরক্স কপি
- আবেদনকারীর প্যান কার্ডের জেরক্স কপি (যদি প্যান কার্ড না থাকে, তাহলে নির্দিষ্ট ফরম্যাটে অঙ্গীকার পত্র)
- অভিভাবকের / সহ–ঋণগ্রহীতার প্যান কার্ডের জেরক্স কপি (যদি প্যান কার্ড না থাকে, তাহলে নির্দিষ্ট ফরম্যাটে অঙ্গীকার পত্র)
- আবেদনকারী ও সহ–ঋণগ্রহীতার ব্যাঙ্কের তথ্য: ব্যাঙ্কের নাম ও শাখা, অ্যাকাউন্ট নম্বর, আইএফএসসি ইত্যাদি সম্বলিত ওই ব্যাঙ্কের পাস বইয়ের প্রথম পাতার জেরক্স কপি

যে কোনও প্রয়োজনে ফোন করুন **টোল ফ্রি হেল্পলাইন নম্বরে: ১৮০০১০২৮০১৪** অথবা ইমেল করুন ১) **support-wbscc@bangla.gov.in** ২) **contactwbscc@gmail.com**

**উচ্চশিক্ষা দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার**